গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস
প্রশাসন শাখা
www.dmlc.gov.bd

নম্বর-২৩.২২.০০০০.০০০.০১১.১১.০২৯৩.২৫.৯০৫

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪৩২ / ০৩ ডিসেম্বর ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত হাসপাতালসমূহের বিভিন্ন ক্যাটাগরির নিম্নবর্ণিত শূন্যপদে নিয়োগের জন্য নির্ধারিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্র. নং | পদের নাম | পদ সংখ্যা | বেতনস্কেল ও গ্রেড | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১. | জুনিয়র কনসালটেন্ট (মেডিসিন) | ০১টি | ৩৫৫০০-৬৭০১০/- (৬ষ্ঠ গ্রেড) | (ক) স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে এমবিবিএস পাশ অথবা বি.এম.ডি.সি কর্তৃক স্বীকৃত সমমানের শিক্ষাগত যোগ্যতা ও বি.এম.ডি.সি থেকে নিবন্ধনভূক্ত হতে হবে এবং<br>(খ) সহকারী সার্জন হিসেবে ০৫ বছরের অভিজ্ঞতাসহ স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে পোস্ট গ্রাজুয়েট ডিগ্রি অথবা ডিপ্লোমা অথবা বি.এম.ডি.সি কর্তৃক স্বীকৃত সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকবে হবে। |
| ২. | জুনিয়র কনসালটেন্ট (গাইনী) | ০১টি | | |
| ৩. | জুনিয়র কনসালটেন্ট (অর্থোপেডিক) | ০১টি | | |
| ৪. | জুনিয়র কনসালটেন্ট (প্যাথলজি) | ০১টি | | |
| ৫. | জুনিয়র কনসালটেন্ট (রেজিওলজি এন্ড ইমেজিং) | ০১টি | | |
| ৬. | জুনিয়র কনসালটেন্ট (চক্ষু) | ০১টি | | |
| ৭. | জুনিয়র কনসালটেন্ট (নাক, কান ও গলা) | ০১টি | | |
| ৮. | মেডিকেল অফিসার | ০৫টি | ২২০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড) | সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে এমবিবিএস ডিগ্রিসহ পাশসহ বি.এম.ডি.সি. হতে রেজিস্ট্রেশন প্রাপ্ত হতে হবে। |
| ৯. | সহকারী প্রোগ্রামার | ০১টি | ২২০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স (CS)/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (CSE)/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং (EEE) বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (ICT) বিষয়ে ২.২৫ সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| ১০. | সিনিয়র স্টাফ নার্স | ৩২টি | ১৬০০০-৩৮৬৪০/- (১০ম গ্রেড) | স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে ডিপ্লোমা-ইন-নার্সিং সাইন্স এন্ড মিডওয়াইফারি অথবা বিএসসি ইন নার্সিং ডিগ্রি এবং বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল কর্তৃক রেজিস্টার্ড হতে হবে। |
| | মোট = | ৪৫টি | | |

## শর্তাবলী

১। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণ https://job.shmrmi.gov.bd এ ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত বিস্তারিত তথ্য ও নিয়মাবলী সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের ওয়েবসাইট www.dmlc.gov.bd - এ পাওয়া যাবে।

(খ) Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরু ১০/১২/২০২৫ তারিখ সকাল ১০.০০ ঘটিকা এবং শেষ ৩১/১২/২০২৫ তারিখ বিকাল ০৫.০০ ঘটিকা।

(গ) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র সাবমিট করার সময় থেকে পরবর্তী ৭২ ঘণ্টার মধ্যে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(ঘ) Online এ আবেদন সাবমিট করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। যেখানে সনদপত্র আপলোডের নির্দেশ থাকবে, সেখানে Certificate Upload পেজ থেকে প্রয়োজনীয় সনদপত্র আপলোড করতে হবে। অন্যথায় আবেদনটি অসম্পূর্ণ হিসেবে গণ্য হবে।

(ঙ) কারিগরি সংক্রান্ত যে কোন তথ্য/সমস্যা সমাধানের বিষয়ে ওয়েবসাইটে থাকা Contact Us পেজ থেকে সার্পোট টিকেট তৈরী করে বা প্রয়োজনে ইমেইল (jobshmrmi@gmail.com) এ যোগাযোগ করা যেতে পারে।

২। আবেদন জমা দেয়ার সর্বশেষ তারিখে ১ থেকে ৭ নং ক্রমিকে বর্ণিত প্রার্থীদের বয়সসীমা সর্বোচ্চ ৪০ বছর হতে হবে এবং ০৮ থেকে ১০ নং ক্রমিকের প্রার্থীদের বয়স ১৮ থেকে ৩২ বৎসরের মধ্যে হতে হবে। বয়স নিরুপণ/প্রমাণের ক্ষেত্রে কোনো প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩। নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান, কোটা দাবীর সমর্থনে প্রার্থীকে সরকারের সর্বশেষ জারীকৃত নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণ পত্র দাখিল করতে হবে।

৪। প্রার্থীর পিতা ও মাতার নাম এসএসসি বা সমমানের সনদে যেভাবে লেখা আছে অনলাইন আবেদনে হুবহু সেভাবে লিখতে হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৫। যোগ্যতা থাকলে একজন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন। এজন্য তাকে আলাদা আলাদা ফি জমা দিতে হবে। তবে একাধিক পদের পরীক্ষা একই সময়ে অনুষ্ঠিত হলে কেবল একটি পদের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

৬। সকল পদের আবেদন ফি: ২০০/- টাকা। এছাড়া, অনলাইন (প্লাটফর্ম) সার্ভিস চার্জ বাবদ ২০০/- টাকা প্রদান করতে হবে। সকল ফি/সার্ভিস চার্জের সাথে বিধি মোতাবেক ভ্যাট ও ট্যাক্স যুক্ত হবে।

৭। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। প্রার্থীদেরকে অবশ্যই মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের (NOC) মূলকপি জমা দিতে হবে।

৮। পরীক্ষার তারিখ, সময় ও স্থান অনলাইনে ইস্যুকৃত প্রবেশপত্রের মাধ্যমে অবহিত করা হবে।

৯। মৌখিক পরীক্ষার সময় আবশ্যিকভাবে মূল সনদসমূহ প্রদর্শন করতে হবে।

১০। উক্ত চাকরি সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত হাসপাতাল/ প্রতিষ্ঠানসমূহে বদলিযোগ্য হবে।

১১। অসত্য/ভুল তথ্য/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোনো কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের Online এ প্রদানকৃত তথ্যের সঠিকতা যাচাইপূর্বক নিয়োগ প্রদানের সুপারিশ করা হবে। পরবর্তীতে যে কোন সময়ে সুপারিশকৃত প্রার্থীদের দাখিলকৃত কাগজপত্রে ঘাটতি/অসঙ্গতি/ত্রুটি/জালিয়াতি ইত্যাদি পরিলক্ষিত হলে, উক্ত প্রার্থীর সুপারিশ বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। প্রকাশিত ফলাফলে কোনো উল্লেখযোগ্য ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে নিয়োগকারী কর্তৃপক্ষ তা সংশোধনের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৩। কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত এ বিজ্ঞপ্তির সংশোধন/বাতিল/শূন্য পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

**স্বাক্ষরিত/-**
মহাপরিচালক
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস।